



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা হাঁসটির গায়ে আঠা দিয়ে তুলো বসাবে।








**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ওপরের ছবিটিতে কী কী জিনিস আছে তার নাম বলবে। জিনিসগুলো কোন্‌টি কোথায় আছে তা বলবে। ওপরের ছবিতে থাকা একটি জিনিসের সারাদিন ধরে সময়ের সঙ্গে সঙ্গে কীভাবে আকার ও রঙের পরিবর্তন ঘটে তা নীচের ছবিগুলোতে থাকা ধাপগুলো দেখে বলার চেষ্টা করবে। কোন্ সময়কে কী বলে তা নিয়ে শিক্ষিকা/শিক্ষক আলোচনা করবেন। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ৯১ পাতার *ভোরবেলার গান* ছড়াটি আবৃত্তি করানো যেতে পারে।**






**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ওপরের ছবিটিতে কী কী জিনিস আছে তার নাম বলবে। জিনিসগুলো কোনটি কোথায় আছে তা বলবে। ওপরের ছবিতে থাকা একটি জিনিসের সারা মাস জুড়ে সন্ধ্যার পর থেকে সময়ের সঙ্গে সঙ্গে কীভাবে আকার ও রঙের পরিবর্তন ঘটে গল্পের মতো করে তা নীচের অংশের ছবিগুলোতে থাকা ধাপগুলো দেখে বলার চেষ্টা করবে। কোন সময়কে কী বলে তা নিয়ে শিক্ষিকা/শিক্ষক আলোচনা করবে। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ৭৯ পাতার *ভীতু নিতু* গল্পটি বলা যেতে পারে।**






**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা লুডোর ছক্কা ফেলবে এবং সংখ্যা অনুযায়ী এগিয়ে যাবে। যে ঘরে যে ধরনের ভঙ্গি আছে তা অনুকরণ করে দেখাবে। মইয়ের গোড়ায় পড়লে উপরে উঠবে। সাপের মুখে পড়লে নীচে নেমে যাবে।




**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ওপরের ছবিগুলিতে ধাপে ধাপে কী কী ঘটনা ঘটছে তা শিক্ষিকা/শিক্ষকের সাহায্যে বলার চেষ্টা করবে। আগের ছবিটির সাপেক্ষে, পরের ছবিটিতে কী পরিবর্তন ঘটল তা শিক্ষার্থীরা বলার চেষ্টা করবে। এরকম আর কোন্ কোন্ প্রাণীর ক্ষেত্রে এধরনের ঘটনা দেখা যায় তা নিয়ে শিক্ষিকা/শিক্ষক অনুরূপ কর্মপত্র তৈরি করে ব্যবহার করবেন।




**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী আছে, তা বলবে। এরপর খরগোশ কোন পথে এগোলে কচ্ছপের কাছে পৌঁছাতে পারবে তা দাগ টেনে দেখাবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে।


[redacted]



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা প্রথম ছবিটিতে বিন্দুগুলি যোগ করে পাতার আকার সম্পূর্ণ করবে। তারপর ডানদিকের পাতার রং অনুযায়ী বামদিকের পাতাগুলিতে রং করবে। একইভাবে দ্বিতীয় ও তৃতীয় ছবিটিতে পাতার আকার সম্পূর্ণ করে রং করবে। সেই সঙ্গে ডালের যে পাশে পাতা নেই  সেখানে নতুন পাতা এঁকে রং করবে। সম্পূর্ণ কাজটিতে শিক্ষিকা/শিক্ষক তাদের দলগত কাজে সহায়তা করবেন।


[redacted]







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ওপরের প্রাণীদুটোর নাম বলবে। কাকে কী দেখে চেনা যায় তা বলবে। কে কী খায় তা শিক্ষিকা/শিক্ষকের সাহায্যে দলগতভাবে আলোচনা করবে। এরপর ছবি দুটোতে রং করবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ৪৭ পাতা অনুযায়ী পশুপাখি সেজে খেলা, ডাক, হাঁটা, ওড়া অনুকরণ করা যেতে পারে এবং এক্ষেত্রে মুখোশ বা পুতুল ব্যবহার করে বিভিন্ন পশুপাখির বৈশিষ্ট্য ফুটিয়ে তোলা যেতে পারে।**



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের ছবিগুলোর সঙ্গে ডানদিকে, তাদের ছায়ার দাগ টেনে মিল করবে। কোন প্রাণী কী খায়, কে কী ভাবে ডাকে, কে পোষ মানে আর কে মানে না, কে কীভাবে ডাকে, মানুষের কাজে কে কীভাবে লাগে, তা নিয়ে আলোচনা করবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে।

















**শিখন পরামর্শ :** বাম দিকের স্তম্ভে তিনটি প্রাণী ও ডানদিকের স্তম্ভে তাদের দেহাংশের ছবি দেওয়া আছে। শিক্ষার্থীরা প্রাণীর সঙ্গে তার দেহাংশের দাগ টেনে মিল করবে। প্রাণীগুলোর নাম বলবে। কে কোথায় থাকে তা জানার ও বলার চেষ্টা করবে। দেহের ওই অংশগুলি, ঐ প্রাণীগুলির দেহে কী কাজ করে তা শিক্ষিকা/শিক্ষকরা আলোচনা করবেন। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে।

[redacted]







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা প্রথমে ছবি দেখে প্রাণীগুলিকে চিনবে ও নাম বলবে। কোন্ ছবিতে কার কোন্‌টি নেই, তা দেখে বলবে ও প্রত্যেকটি ছবিতে সেই সেই অংশগুলো জুড়ে ছবিগুলি সম্পূর্ণ করবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ৯০ পাতার *আঁকার পরেই* ছড়াটি আবৃত্তি করা যেতে পারে।**

[redacted]







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখতে পাচ্ছে তা বলবে। কোন প্রাণী আকাশে ওড়ে, কোন প্রাণী জলে বাস করে, কোন প্রাণী ডাঙায় থাকে, কোন প্রাণীকে জলে ও ডাঙায় দু'জায়গায় দেখা যায় তা বিভিন্ন রং দিয়ে গোল করবে। ওই প্রাণীগুলো কে কী খায়, তা বলার চেষ্টা করবে। পুরো কাজটিতে শিক্ষিকা/শিক্ষক তাদের সাহায্য করবেন।

















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের ছবিগুলোর সঙ্গে ডানদিকের ছবিগুলি দাগ টেনে মেলাবে। কোন প্রাণী কোন ধরনের ঘরে থাকে তা বলবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ১০২ পাতায় দেওয়া পাখির অরিগামিটি অভ্যাস করবে।**




















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের ছবিগুলোর সঙ্গে ডানদিকের ছবিগুলি দাগ দিয়ে মেলাবে। কোন্ প্রাণী কোন্ ধরনের ঘরে থাকে, তা বলবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে। **এ প্রসঙ্গে বিহান বইয়ের ৮৭ পাতার চড়ুই ছড়াটি আবৃত্তি করা যেতে পারে।**



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী আছে তা প্রথমে দেখে বলবে। এরপর মা বাঘ কোন পথে এগোলে তার শিশুর কাছে পৌঁছাতে পারবে তা দাগ টেনে দেখাবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে।

[redacted]





**শিখন পরামর্শ :** ৬০ এবং ৬১ নম্বর পৃষ্ঠায় ছবিগুলি ক্রমান্বয়ে সাজালে একটি গল্প তৈরি হয়। প্রথম থেকে শেষ পর্যন্ত প্রতিটি ছবি পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত। শিক্ষার্থীরা দুটি পাতায় বিন্যস্ত ছবিগুলি দেখে ধাপে ধাপে গল্পটি বোঝার চেষ্টা করবে। শিক্ষিকা/শিক্ষক গল্পটি থেকে জীবনে কী শিক্ষালাভ করা যায়, তা নিয়ে আলোচনা করবেন।














**শিখন পরামর্শ :** শিক্ষিকা/শিক্ষক গল্পটির উপর নানাধরনের প্রশ্ন শিক্ষার্থীদের কাছে তুলে ধরবেন। শিক্ষার্থীরা সেই সকল প্রশ্নের উত্তর দেবে প্রয়োজনে শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।





**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের চারটি ছবি জোড় এর নাম উচ্চারণ করবে। যেমন : বল-বই, কল-কলম, চটি-চশমা, মশা-মই। প্রথম শব্দটি ‘ব’, দ্বিতীয়টি ‘ক’, তৃতীয়টি ‘চ’ এবং চতুর্থটি ‘ম’ ধ্বনি দিয়ে শুরু হয়েছে। শিক্ষিকা/শিক্ষক এরকম আরও নানা শব্দের মাধ্যমে বিভিন্ন ধ্বনিগুলির উচ্চারণের চর্চা করাবেন। ধ্বনিগুলি শব্দের শুরুতে যেমন থাকবে, তেমনি শব্দের মাঝখানে ও শেষেও থাকতে পারে।











**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুচ্ছগুলি থেকে উচ্চারণের সাপেক্ষে কোন ছবিটি আলাদা তা নির্ণয় করবে। শিক্ষিকা/শিক্ষকরা এরকম আরো কর্মপত্র তৈরি করে শ্রেণি শিখনের কাজে লাগাবেন।
















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের চারটি ছবি জোড় এর নাম উচ্চারণ করবে। যেমন : আম-আপেল, ইট-ইঁদুর, উট-উড়োজাহাজ। প্রথম শব্দটি ‘আ’, দ্বিতীয়টি ‘ই’ এবং তৃতীয়টি ‘উ’ ধ্বনি দিয়ে শুরু হয়েছে। শিক্ষিকা/শিক্ষক এরকম আরও নানা শব্দের মাধ্যমে বিভিন্ন ধ্বনিগুলির উচ্চারণের চর্চা করাবেন। ধ্বনিগুলি শব্দের শুরুতে যেমন থাকবে, তেমনি শব্দের মাঝখানে ও শেষেও থাকতে পারে।





**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুচ্ছগুলি থেকে উচ্চারণের সাপেক্ষে কোন ছবিটি আলাদা তা নির্ণয় করবে। শিক্ষিকা/শিক্ষকরা এরকম আরো কর্মপত্র তৈরি করে শ্রেণি শিখনের কাজে লাগাবেন।





| | |
|---|---|
| \| | ১ |




| | |
|---|---|
| | ১ |




| | |
|---|---|
| | ১ |



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (একটি জানালা, একটি কড়াই, একজন মহিলা) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে এক-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ১ সংখ্যাটি চেনানো হবে।





| | |
|---|---|
| \| \| | ২ |
| | ২ |
| | ২ |







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (দুটি হাতি, দুটি লোক, দুটি গাছ) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে দুই-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লেখাটি দেখিয়ে শিক্ষার্থীকে ২ সংখ্যাটি চেনানো হবে।





||| ৩




৩




৩



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (তিনটি গাড়ি, তিন জন মানুষ, তিনটি ঝুড়ি) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে তিন-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৩ সংখ্যাটি চেনানো হবে।





| | |
|---|---|
| \|\|\|\| | ৪ |




| | |
|---|---|
| | ৪ |




| | |
|---|---|
| | ৪ |

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (চারটি গরু, চারটি ছাগল, চারটিকুকুর) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে চার-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৪ সংখ্যাটি চেনানো হবে।






| | |
|---|---|
| | | | | | | ৫ |



| | |
|---|---|
| | ৫ |



| | |
|---|---|
| | ৫ |



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (পাঁচটি গাড়ি, পাঁচটি ল্যাম্পপোস্ট, পাঁচটি বাড়ি) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে পাঁচ-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৫ সংখ্যাটি চেনানো হবে।





| | |
|---|---|
| \| \| \| \| \| \| | ৬ |



| | |
|---|---|
| | ৬ |



| | |
|---|---|
| | ৬ |

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (ছয়টি বাড়ি, ছয়টি গাছ, ছয়টি পাখি) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে ছয়-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৬ সংখ্যাটি চেনানো হবে।





| | |
|---|---|
| ||||||| | ৭ |



| | |
|---|---|
| | ৭ |



| | |
|---|---|
| | ৭ |



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (সাতটি বালিকা, সাতটি ছাতা, সাতটি ব্যাগ) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে সাত-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৭ সংখ্যাটি চেনানো হবে।





|||||||| ৮




৮




৮

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (আটটি বালক, আটটি বল, আটটি পতাকা) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে আট -এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৮ সংখ্যাটি চেনানো হবে।





| | |
|---|---|
| ||||||||| | ৯ |



| | |
|---|---|
| | ৯ |





| | |
|---|---|
| | ৯ |




**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কী কী দেখছে তা বলবে। নীচে ছবির পাশে যে কটি একইরকম ছবি দেখছে (নয়টি নৌকা, নয়টি পাথর, নয়টি পাখি) ততগুলি দাগ খোপের মধ্যে দেবে। এইরকম নানান বাস্তব উদাহরণের সাহায্যে শিক্ষার্থীকে নয়-এর ধারণা দেওয়া হবে। পাশের খোপের মধ্যে লোগোটি দেখিয়ে শিক্ষার্থীকে ৯ সংখ্যাটি চেনানো হবে।

[redacted]







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুলি দেখবে। ফুলের তোড়াতে কোন ফুল কটি আছে দেখে সেইমতো পাশের খোপে দাগ দেবে। এইভাবে শিক্ষার্থীদের গোনার অভ্যাস তৈরি হবে।

[redacted]






**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের অসম্পূর্ণ ছবিটিতে ১থেকে ৯ পর্যন্ত দাগ দিয়ে ছবিটি সম্পূর্ণ করবে। এই কাজটির মাধ্যমে যেমন শিক্ষার্থীদের ১ থেকে ৯ পর্যন্ত যে ক্রমান্বয় তার ধারণা গঠন হবে, তেমনি শ্রেণি শিখনের সময় সৃষ্টিশীল কাজেরও চর্চা হবে। শিক্ষিকা/শিক্ষকরা শিক্ষার্থীদের ছবির সাথে সম্পর্কিত আবৃত্তি, গান, নৃত্য ইত্যাদি নান্দনিক কর্মকাণ্ডের চর্চার পরিসর তৈরি করবেন।



|




||
















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিতে কি কি দেখছে তা বলবে। ছবিগুলির মধ্যে বিভিন্ন সংখ্যার লোগো গুলি লুকিয়ে রয়েছে, তা বোঝার চেষ্টা করবে।

[redacted]






**শিখন পরামর্শ :** উপরের ছবিগুলি পরপর সাজালে একটি গল্প তৈরি হয়। শিক্ষার্থীরা, শিক্ষিকা/শিক্ষকের সাহায্যে, মুখে মুখে গল্প গঠনের কাজটি করবে।



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের সঙ্গে ডানদিক দাগ টেনে মেলাবে। বামদিকের জিনিসগুলো কী কী কাজে লাগে তা বলবে। এজাতীয় বিভিন্ন সু-অভ্যাস গঠনের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হবে।






**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ডানদিকের কোনের ঘরে থাকা ছেলেমেয়ে দুটি কোন পথে গেলে ফুলের তোড়া পাবে তা দাগ টেনে দেখাও।




**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের কোন ছবিটির সঙ্গে ডানদিকের কোন ছবির মিল আছে তা বুঝবে এবং দাগ টেনে দেখাবে। এধরনের আরো অনেক কর্মপত্র শ্রেণিকক্ষে ব্যবহার করা যেতে পারে।















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিজোড়গুলি দেখবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের ভারী-হালকা, ভর্তি-খালি, মোটা-পাতলা, লম্বা-খাটো এবং বড়ো- ছোটোর ধারণা গঠন হবে।







**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুলি দেখবে। কিছু সংখ্যক জিনিসের সঙ্গে একই জিনিস আরও নিয়ে এলে, আগের জিনিসগুলি সংখ্যায় বাড়ে; আবার কিছু সংখ্যক জিনিস থেকে কয়েকটি জিনিস সরিয়ে নিলে, আগের জিনিসগুলি সংখ্যায় কমে—এ ধারণা তাদের হবে। এইভাবে শিক্ষিকা/শিক্ষক বিভিন্ন কৃত্যালির সাহায্যে শিক্ষার্থীদের যোগ ও বিয়োগের প্রাথমিক ধারণা গঠনে সহায়তা করবেন।



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামদিকের জিনিসগুলির নাম বলবে। ডানদিকের কোনটি কী তার নাম বলবে। এবার বামদিকের কোন জিনিসটি থেকে ডানদিকের কোন জিনিসটি তৈরি হয় তা দাগ টেনে যোগ করে দেখাবে। বামদিকের জিনিসগুলো থেকে ডানদিকের মতো আর কী কী জিনিস তৈরি হতে পারে তা নিয়ে শিক্ষার্থীরা আলোচনা করবে।

















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ছবিগুলি দেখবে। উপরে দেখতে পাওয়া কাজগুলির মধ্যে কোনগুলি করা উচিত ও কোনগুলি করা উচিত নয়, এ বিষয়ে শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করবেন।






**শিখন পরামর্শ :** উপরের ছবিগুলির মাধ্যমে শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের উপর-নীচ, ভিতর-বাহির ইত্যাদি ধারণা গঠনে সহায়তা করবেন।





**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুলি দেখবে। একই সংখ্যক জিনিস বারবার যোগ করলে জিনিসটি সংখ্যায় অনেক বেড়ে যায় এবং একই সংখ্যক জিনিস বারবার বিয়োগ করলে আগের জিনিস সংখ্যায় অনেক কমে যায়—এর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে যাতে গুণ ও ভাগের প্রাথমিক ধারণা গঠন শুরু হয়, সে বিষয়ে শিক্ষিকা/শিক্ষক খেয়াল রাখবেন।






**শিখন পরামর্শ :** উপরের ছবিগুলির বিষয়বস্তু নিয়ে শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করবেন। কোন যানটি কোথায় চলে তা জানার পর শিক্ষার্থীরা যে যানটি যেখানে চলে না তার পাশে (×) এবং যে যানটি যেখানে চলে তার পাশে (√) দেবে। যানবাহনের প্রয়োজনীয়তা নিয়ে শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন।




**শিখন পরামর্শ** :- শিক্ষার্থীরা উপরের প্রত্যেকটি সারির ছবিগুলি দেখবে। তারপর সারিতে কোন ছবিটি বাকি ছবির থেকে আলাদা তা খুঁজে বার করবে।













**শিখন পরামর্শ** :- শিক্ষার্থীরা উপরের প্রত্যেকটি সারির ছবিগুলি দেখবে। তারপর সারিতে কোন ছবিটি বাকি ছবির থেকে আলাদা তা খুঁজে বার করবে। ছবিটি কেন আলাদা সে বিষয়ে শ্রেণিকক্ষে আলোচনা হবে।






**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ছবিদুটির মধ্যে কী কী অমিল আছে তা খুঁজে বার করবে।










**শিখন পরামর্শ** :- শিক্ষার্থীরা অসম্পূর্ণ ব্যাঙের ছবিটিকে শিক্ষিকা/শিক্ষকের সহায়তা নিয়ে সম্পূর্ণ করবে।













**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিগুলি দেখবে। বাম স্তম্ভের ছবির সঙ্গে ডান স্তম্ভের ছবি মেলাবে। এ প্রসঙ্গে বিহান বই-এর ৫৬ পাতার ঋতু বিষয়ক আলোচনার অবতারণা করা যেতে পারে।











**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের বাদ্যযন্ত্রগুলির সঙ্গে পরিচিত হবে। বিভিন্ন দেহভঙ্গির অভ্যাস করবে।


















**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা বামস্তম্ভের ছবিগুলি দেখে মানুষের বিভিন্ন জীবিকার সঙ্গে পরিচিত হবে। তারপর বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাবে।











**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা পালনীয় দিবসগুলি সম্পর্কে জানবে ও বলাবলি করবে। শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থীদের এই দিবসগুলিতে অংশগ্রহণ করার ব্যাপারে অনুপ্রাণিত করবেন।



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের ছবিটি রং করবে। রং করার পর পাখি ও ফুলের সংখ্যা গুনে নীচের খোপগুলিতে দাগ টেনে দেখাবে।





**শিখন পরামর্শ :** ছবিটিতে যা যা আছে, যে নানান কর্মকাণ্ড চলছে সে বিষয়ে শ্রেণিকক্ষে আলোচনা হবে।